

ডিজিটাল বাংলাদেশ দিবস -২০২২ অনলাইন কুইজ নিন্মন

যারা অংশগ্রহণ করতে পারবে

বয়স অনুযায়ী নিম্নোক্ত তিনটি গ্রুপে ৮-তদুর্ধ্ব বছর বয়সী সকল বাংলাদেশী নাগরিক অংশগ্রহণ করতে পারবে

- গ্রুপ কঃ ৮-১২ বছর
- গ্রুপ খঃ ১৩-১৮ বছর
- গ্রুপ গঃ ১৯-তদুর্ধ্ব বছর

সর্বমোট ২১টি পুরস্কার

তিনটি গ্রুপের (ক, খ, গ) প্রত্যেকটিতে ৭জন করে সর্বমোট ২১জনকে বিজয়ী হিসেবে নির্বাচন করা হবে।

- ১ম পুরস্কারঃ ল্যাপটপ কোর আই ৭, ১০ জেনারেশন
- ২য় পুরস্কারঃ ল্যাপটপ কোর আই ৭, ৮ জেনারেশন
- ৩য় পুরস্কারঃ ল্যাপটপ কোর আই ৫, ১০ জেনারেশন
- ৪র্থ পুরস্কারঃ ল্যাপটপ কোর আই ৩, ১০ জেনারেশন
- ৫ম-৭ম পুরস্কারঃ স্মার্ট ফোন

নিবন্ধন

২৬ নভেম্বর ২০২২ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত অনলাইনে

(quiz.digitalbangladesh.gov.bd) নিবন্ধন করা যাবে। শেষ মুহূর্তের জন্য অপেক্ষা না করে এখনি আপনার নিবন্ধন নিশ্চিত করুন ও প্রোফাইল আপডেট করুন।

নিয়মাবলী

- একজন প্রতিযোগী একবারই অংশগ্রহণ করতে পারবেন।
- প্রত্যেকের জন্য বরাদ্দকৃত সময় ২১ মিনিট।
- সকল প্রশ্নের মান সমান (১ নম্বর)।
- সকল প্রশ্নের উত্তরের জন্য চারটি বিকল্প থেকে একটি সঠিক উত্তর বাছাই করতে হবে (এমসিকিউ)।
- কম সময়ে সর্বোচ্চ সংখ্যক সঠিক উত্তরদাতা থেকে বিজয়ী নির্বাচন করা হবে।
- চূড়ান্ত বিজয়ীদের ক্ষেত্রে বয়স যাচাই সাপেক্ষে পুরস্কার প্রদান করা হবে। ভুল/মিথ্যা তথ্য দিয়ে অংশগ্রহণ করলে তাকে প্রতিযোগিতা থেকে বাতিল বলে গণ্য করা হবে।
- প্রতিযোগিতা বাস্তবায়নের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পৃক্ত ব্যক্তি ও পরিবারবর্গ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন না।

কুইজ প্রতিযোগিতার সময়

- গ্রুপ কঃ ২৯ নভেম্বর
- গ্রুপ খঃ ০১ ডিসেম্বর
- গ্রুপ গঃ ০২ ডিসেম্বর

উল্লিখিত তারিখে সন্ধ্যা ৭.০০টা থেকে রাত ৮.০০টার মধ্যে যে কোনো সময় কুইজ শুরু করা যাবে। কুইজ শুরু করার পর একজন প্রতিযোগী পরবর্তী ২১ মিনিট সময় পাবে।

কুইজের বিষয়

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনাদর্শ, মুজিববর্ষ
- মুক্তিযুদ্ধ, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী, নির্বাচনী ইশতেহার, ভিশন ২০২১, ২০৪১ এবং ডেল্টা প্ল্যান ২১০০
- ডিজিটাল বাংলাদেশ দিবস, ডিজিটাল বাংলাদেশ রূপকল্প, ডিজিটাল বাংলাদেশের চার স্তম্ভ, সকল ই-সেবা
- বাংলাদেশের অর্জনসহ প্রভৃতি বিষয় থেকে প্রশ্ন নির্ধারণ করা হবে।